গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☏০২-৮৮৭৯২৯৯ফ্যাক্স নং-০২-৮৮৭৯১৯৯
E-mail :ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০৩.২১-৬১৮ তারিখঃ০৮/১০/২০২১ খ্রিঃ

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ অন্তর্ভূক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ আবদুস সবুর<br>প্রধান প্রকৌশলী<br>সড়ক ও জনপথ অধিদপ্তর<br>সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। |
| তারিখ ও সময় | ঃ | ১৬/০৯/২০২১ খ্রীস্টাব্দ, বিকাল ০৩:০০ ঘটিকা |
| স্থান | ঃ | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর সম্মেলন কক্ষ,<br>সড়ক ভবন, তেজঁগাও, ঢাকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট – 'ক'। |

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং তিনি অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা ও সওজ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে সভার কার্যক্রম শুরু করার আহবান জানান। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার ১ম আলোচ্যসূচীভুক্ত বিগত ১৬-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ প্রান্তিকের অংশীজন সভার সিদ্ধান্তসমূহের বিপরীতে গৃহীত পদক্ষেপ ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সবাইকে অবহিত করেন। পরবর্তীতে তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ অন্তর্ভূক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ১ম সভার ২য় ও ৩য় আলোচ্যসূচীর বিষয়ে আলোচনা করেন।

**আলোচ্যসূচী ২: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে অবহিতকরণ**

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তরের ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্নার-টি নিয়ে আলোচনা করেন এবং উপস্থিত অংশীজনদের সড়ক ও জনপথ অধিদপ্তরের কোনো কার্যক্রম নিয়ে অভিযোগ থাকলে তা সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা শীর্ষক কর্নারে পরিচয় উল্লেখপূর্বক অভিযোগ দাখিল করতে পারবেন মর্মে অবহিত করেন।

**আলোচ্যসূচী ৩: সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সম্পর্কে অবহিতকরণ**

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তরের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্নার-টি নিয়ে আলোচনা করেন। তিনি উক্ত কর্নারে উল্লেখিত সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক প্রদেয় বিভিন্ন সেবা এবং সেবা প্রাপ্তির বিষয়ে আলোকপাত করেন।

এরপর প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, "অংশীজন সভা" অনুষ্ঠানে উপস্থিত অংশীজনদের তাদের বক্তব্য প্রদানের আহবান জানান।

**সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক ও জনপথ ঠিকাদার সমিতিঃ**

তিনি রেট সিডিউল হালনাগাদকরণ এবং Defect Liability Period (DLP) তিন বছর থেকে কমিয়ে এক বছর করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, বর্তমান রেট সিডিউল অনুযায়ী একজন অদক্ষ শ্রমিকের জন্য দৈনিক ৪৫০/- টাকা হারে এস্টিমেট করা হয়, কিন্তু বাস্তবে দৈনিক ৪৫০/- টাকা হারে কোনো অদক্ষ শ্রমিক পাওয়া যায় না। তিনি আরো জানান, অনেক নতুন ঠিকাদার, যারা এখন পর্যন্ত সড়ক ও জনপথ অধিদপ্তরে কাজ করে নাই তারা বিভিন্ন ডিভিশনে এনলিস্টেড হওয়ার এবং LTM এ অংশগ্রহণ করার চেষ্টা করবে। তিনি এসকল ঠিকাদারদের

লাইসেন্স না দেওয়ার জন্য তিনি উধবর্তন কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি LTM এ অংশগ্রহনের ক্ষেত্রে যেন শুধুমাত্র স্বস্ব সড়ক বিভাগের এনলিস্টেড ঠিকাদারেরা সুযোগ পায় তার প্রস্তাব দেন। তিনি জানান ঠিকাদাররা পূর্বে ১০% লভ্যাংশ নিয়ে কাজ করলেও বর্তমানে ৬.৭২% লভ্যাংশ নিয়ে কাজ করতে হয়। এত কম লভ্যাংশ নিয়ে কাজ করা ঠিকাদারদের জন্য কষ্টকর এবং তিনি ঠিকাদারদের লভ্যাংশের পরিমাণ বৃদ্ধির আহবান জানান।

**সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ওয়ার্কশপ এমপ্লয়ীজ ইউনিয়নঃ**

তিনি সওজ ঢাকা কারখানার ধুলাবালি জনিত অস্বাস্থ্যকর পরিবেশের বিষয়টি উল্লেখ করেন। বর্ষা মৌসুমে কারখানার প্রতিটি সেকশনে এবং কর্মকর্তা-কর্মচারীদের অফিসকক্ষে বৃষ্টির পানি প্রবেশজনিত কারণে কারখানার কর্মকর্তা-কর্মচারী এবং শ্রমিকদের কাজ করার অসুবিধার বিষয়টি তুলে ধরেন। তিনি জানান, জুলাই/২০২১ থেকে ওয়ার্কশপ মেরামত শুরুর ব্যাপারে বলা হলেও তা আজও শুরু হয়নি। তিনি কর্মচারীদের উপযুক্ত কর্ম পরিবেশ সৃষ্টির জন্য ওয়ার্কশপ মেরামতের কাজ শুরু করার আহবান জানান এবং আধুনিক ওয়ার্কসপ নির্মাণ কাজ শুরু করারও আহবান করেন। DPDC ইস্যুতে কর্মচারীদের যে বাসাগুলো ভেঙ্গে ফেলা হয়েছে, সেগুলো পুনরায় অন্যত্র নির্মাণ করে কর্মচারীদের স্বাস্থ্যকর বসবাসের পরিবেশ প্রদানের জন্য উধবর্তন কর্তৃপক্ষকে অনুরোধ করেন। এছাড়াও তিনি বলেন, ওয়ার্কসপের যেসকল শ্রমিকদের নাখালপাড়ায় ভাড়া বাসায় পূনর্বাসন করা হয়েছে, তাদের প্রতি মাসে বাসা ভাড়ার টাকা দেয়ার কথা থাকলেও, প্রথম দুইমাসের পর তা বন্ধ করে দেওয়া হয়েছে। তিনি ওয়ার্কশপের কর্মচারীদের যাতায়াতের জন্য স্টাফ বাসের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

**সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক ইউনিয়নঃ**

তিনি বাসা বরাদ্দের জটিলতার বিষয়টি গত অংশীজন সভার কার্যবিবরনীর সিদ্ধান্তে উল্লেখ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সড়ক ও জনপথ শ্রমিক ইউনিয়ন-এর নেতৃবৃন্দের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশীজন সভা ব্যতীত অন্যান্য অনুষ্ঠানে আমন্ত্রণ না পাওয়ায় দুঃখ প্রকাশ করেন। তিনি জানান কম্পিউটার অপারেটররা নিরলসভাবে সড়ক ও জনপথ অধিদপ্তরে কাজ করে যাচ্ছে কিন্তু তাদের কোনো পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। তিনি কম্পিউটার অপারেটরদের সিলেকশন গ্রেড প্রদানের মাধ্যমে একটি পদোন্নতি দেওয়ার আহবান করেন। তিনি জানান, দীর্ঘদিন যাবৎ সড়ক ও জনপথ অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার পদটি শূন্য রয়েছে এবং চাকুরি বিধিমালায় কম্পিউটার অপারেটরদের সহকারী প্রোগ্রামার পদে পদোন্নতির সংস্থান রয়েছে। তিনি কম্পিউটার অপারেটরদের গ্রেডেশন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী প্রোগ্রামার পদে পদোন্নতি প্রদানের অনুরোধ করেন।

**সাধারন সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক কর্মচারী ইউনিয়নঃ**

তিনি বলেন দীর্ঘ ৩২ বছর পর ২০১৮,২০১৯ ও ২০২০ সালে ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিতকরণ করা হলেও তাদের পদোন্নতি হচ্ছে না। তিনি নিয়মিত অফিস সহকারী, কার্য সহকারী, ওয়ার্ক সুপারভাইজার ও গাড়ী চালকদের দ্রুত গ্রেডেশন প্রক্রিয়া সম্পন্নের মাধ্যমে পদোন্নতির ব্যবস্থা করার অনুরোধ করেন। তিনি মাস্টাররোল/নো ওয়ার্ক নো পে ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের সঠিক সংখ্যা নির্ণয় পূর্বক একটি ডাটাবেস প্রনয়নের আহবান করেন। তিনি কর্মচারীদের আবাসন সমস্যার বিষয়টি উল্লেখ করেন। তিনি জানান, বিভিন্ন সময় বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের স্বার্থে প্রায় ১৮ জন কর্মচারীদের উচ্ছেদ করা হয় এবং তাদের মাসিক ১০০০০ টাকা করে ভাড়া প্রদান করা হয়। তিনি বলেন এটি একটি সাময়িক সমাধান। আবাসন সমস্যা সমাধানে তিনি অধিদপ্তরের খালি জায়গা সমূহে ৮(আট) টি বহুতল ভবন নির্মাণের প্রস্তাব দেন। তিনি ব্যয় হ্রাসের নিমিত্ত কর্মচারীদের জন্য নির্মিতব্য ৬ (ছয়) তলা ভবনের পরিবর্তে ১৪ (চৌদ্দ) তলা বহুতল ভবন নির্মাণের আহবান জানান। তিনি প্রত্যেকটি বিভাগীয় শহরে কর্মচারীদের জন্য একটি বহুতল ভবন নির্মাণ করার জন্য অনুরোধ করেন। তিনি জানান কর্মচারীদের যাতায়াতের জন্য বর্তমানে যেসকল গাড়ি রয়েছে তা অত্যন্ত পুরাতন এবং কর্মচারীদের সখ্যার তুলনায় অপ্রতুল। তিনি কর্মচারীদের যাতায়াতের জন্য ২ (দুই) টি বাস ক্রয় করার আহবান জানান।

**সাধারন সম্পাদক, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতিঃ**

তিনি বলেন প্রতিবার অংশীজন সভার কার্যবিবরণীতে ডিপ্লোমা প্রকৌশল সমিতির বিভিন্ন দাবি দাওয়াসমূহ যেমনঃ ঝুঁকি ভাতা প্রদান, ল্যাপটপ প্রদান, প্রত্যেক উপ-বিভাগে সড়ক বা সেতু মেরামতের কাজ দেখার জন্য একটি করে রক্ষণাবেক্ষণ পিক-আপ ক্রয় ইত্যাদি উল্লেখ করা হলেও সিদ্ধান্তে তা উল্লেখ করা হয় না। তিনি অংশীজন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তে ডিপ্লোমা প্রকৌশল সমিতির বিভিন্ন দাবি দাওয়াসমূহ উল্লেখ করার জন্য সভাপতি মহোদয় ও ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি ২০১৭ ও ২০১৮ সালে যোগদানকৃত ১৬০ (একশত ষাট) জন উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর মধ্যে বাকি ৩০ (ত্রিশ) জন এবং ২০২০ সালে যোগদানকৃত ৩১ (একত্রিশ) জন উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) গণের বুনিয়াদী প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। তিনি জানান, সাবেক প্রধান প্রকৌশলী জনাব ইবনে হাসান আলম স্যার ০৯/১২/২০১৯ খ্রিস্টাব্দে উপ-সহকারী প্রকৌশলীদের কাজের স্বীকৃতিস্বরূপ টেন্ডার ইভ্যালুয়েশন কমিটিতে উপ-সহকারী

প্রকৌশলীদের নাম অন্তর্ভূক্ত করার একটি আদেশ জারী করেছিলেন কিন্তু তা আজও মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হয়নি। তিনি উপ-সহকারী প্রকৌশলীদের টেন্ডার ইভ্যালুয়েশন কমিটিতে রাখার বিষয়টি বাস্তবায়ন করার মাধ্যমে উপ-সহকারী প্রকৌশলীদের কাজের স্বীকৃতি প্রদানের অনুরোধ করেন। তিনি নব নির্মিত সড়ক ভবনের প্রতিটি ফ্লোরে পর্যাপ্ত সুপেয় পানির ব্যবস্থা করার আহবান করেন।

**সভাপতি, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতিঃ**

তিনি পূর্ববতী অংশীজন সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সচেতন থাকা এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে চাপ প্রদানের অনুরোধ করেন। তিনি পূর্ববতী অংশীজন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে তার অভিমত ব্যক্ত করেন। মাঠ পর্যায়ে প্রতিটি সড়ক বিভাগের মাধ্যমে শ্রমিকদের মধ্যে বৃষ্টির মৌসুমে রেইনকোট, বুট সরবরাহ করার বিষয়ে তিনি জানান এটি কঠিন কোন বিষয় না, মাঠ পর্যায়ে প্রতিটি ডিভিশনে খোঁজ করলে সে বিষয়ের অগ্রগতি জানা সম্ভব। ঢাকা জোনের অধীন ২ নং বাসা বরাদ্দ কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট সরকারী বাসা সমূহ বরাদ্দের বিষয়ে তিনি জানান, যৌক্তিক কারণবশত তা সম্ভব হয়নি। সড়ক ও জনপথ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর রেট সিডিউল তৈরীর কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে তিনি জানান এই সম্পর্কিত একটি সাবকমিটি গঠন করা হয়েছে কিন্তু সাবকমিটির কার্যক্রম দৃষ্টিগোচর নয়। তিনি টেন্ডার ইভ্যালুয়েশন কমিটিতে উপ-সহকারী প্রকৌশলীদের নাম অন্তর্ভূক্ত করার আহবান করেন এবং CPTU বরাবর পত্র প্রেরণের মাধ্যমে ইজিপি-তে টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির সদস্য সংখ্যা ৩ (তিন) থেকে ৪ (চার) বা ৫ (পাঁচ) করার জন্য অনুরোধ করেন। তিনি জানান অধিদপ্তরে উপ-সহকারী প্রকৌশলী পর্যন্ত সরকারি সিম বরাদ্দ প্রদান করা হয়েছে এবং সিমগুলো কার্যকর রয়েছে। তিনি প্রতিটি সিমের বিপরীতে নূন্যতম পরিমাণের টাকা বরাদ্দ রাখার ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। তিনি জানান, আবাসন সমস্যার সাময়িক সমস্যা সমাধানের জন্য ৬ (ছয়) তলা ভবন নির্মাণ করা হচ্ছে যা একটি অপচয়। তিনি পরবর্তীতে একটি মাস্টার প্ল্যানের মাধ্যমে বহুতল ভবন নির্মাণের আহবান জানান। তিনি অধিদপ্তরের ভবিষ্যৎ সাংগঠনিক কাঠামো পরিবর্তনের বিষয়টি বিবেচনায় রেখে সকল উপ-বিভাগে ১ (এক)টি করে পিক-আপ বা রক্ষণাবেক্ষণ যানের ব্যবস্থা করার জন্য আহবান জানান।

**সাধারন সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতিঃ**

তিনি বিগত অংশীজন সভার গুরুত্বপূর্ণ বিষয়গুলো সিদ্ধান্তে উল্লেখ করার জন্য অনুরোধ করেন। তিনি সড়ক ও জনপথ অধিদপ্তরের ভবিষ্যৎ সাংগঠনিক কাঠামোর পরিবর্তনের বিষয়টি বিবেচনা করে জনবল বাড়ানোর প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। তিনি ভবিষ্যৎ সাংগঠনিক কাঠামো পরিবর্তনের সাথে সামাঞ্জস্য রাখার নিমিত্ত এখন থেকে প্রস্তাবিত কাঠামোর অন্তত ৩০% জনবল পিএসসি এর মাধ্যমে নেওয়ার প্রকৃয়া শুরু করার আহবান জানান। তিনি কর্মকর্তা-কর্মচারীদের যানবাহন সমস্যা সমাধানে যানবাহন মেরামতের বিষয়টির উপর গুরুত্বারোপ করার আহবান করেন। তিনি কর্মকর্তাদের ল্যাপটপ প্রদানের বিষয়টি দ্রুত সমাধানের জন্য অনুরোধ করেন। তিনি ১৮ তম বিসিএস-এ নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীরা পদোন্নতি পাচ্ছে না বলে উল্লেখ করেন এবং সুপারনিউমারীর মাধ্যমে তাদের দ্রুত পদোন্নতির জন্য উধবর্তন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

**সভাপতি, বাংলাদেশ ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতিঃ**

তিনি ভাল সেবা প্রাপ্তির জন্য কর্মচারীদের যাতায়াত সমস্যা সমধানের উপর গুরুত্বারোপ করেন। তিনি মহাসড়কের বিভিন্ন ব্রিজে টোল আদায়ে অনিয়মের বিষয়টি উল্লেখ করেন। তিনি জানান রাতের অন্ধকারে গাড়িগুলো Weigh Scale এড়িয়ে ভিন্নভাবে টোল প্লাজা অতিক্রম করে। এই অনিয়ম বন্ধে তিনি টোল প্লাজাগুলো সঠিকভাবে মনিটরিং করা এবং টোল প্লাজাগুলোকে উন্নত দেশগুলোর মত ইলেকট্রিক বা ডিজিটাল সিস্টেমের আওতায় আনার জন্য অনুরোধ করেন।

সভার এ পর্যায়ে সভার সভাপতি সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাদের উত্থাপিত বিষয় সমূহের উপর আলোচনা করার জন্য অনুরোধ জানান।

**তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন সার্কেল, ঢাকা।**

তিনি অংশীজন সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সকলকে ধন্যবাদ জানান এবং সভায় নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করেনঃ-

- ঢাকা কারখানা বিভাগ-এর মেরামত কাজের জন্য ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছে।
- শুদ্ধাচারে অংশীজনের অংশগ্রহনে সভার পাশাপাশি অন্যান্য অনুষ্ঠানগুলোতে শ্রমিক ইউনিয়নগুলোকে আমন্ত্রণ করা হয় এবং এবং তাদের উপস্থিতি লক্ষ্য করা যায়।
- কম্পিউটার অপারেটরদের গ্রেডেশন তালিকা তৈরীর কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে এবং পরবর্তীতে তাদের পদোন্নতির বিষয়টি আমরা চাকরীর বিধিমালা অনুযায়ী যাচাই বাছাই করে বিবেচনা করা হবে।
- মামলার মাধ্যমে নিয়মিত ওয়ার্কচার্জড কর্মচারীদের গ্রেডেশনের বিষয়টি একটি জটিল প্রক্রিয়া এবং ইতোমধ্যে গ্রেডেশনের কার্যক্রম শুরু করা হয়েছে।

- নো ওয়ার্ক নো পে ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের হালনাগাদ তালিকা তৈরীর কার্যক্রম শুরু করা লক্ষ্যে নিয়োজিত শ্রমিকদের সঠিক তথ্য চেয়ে ইতোপূর্বে সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সকল তথ্য পাওয়া গেলে ডাটাবেস তৈরী করা হবে।
- সড়ক ভবনে সুপেয় পানির ব্যবস্থা দ্রুততার সাথে করা হবে।
- প্রতিটি সিমের বিপরীতে নূন্যতম পরিমাণের টাকা বরাদ্দের বিষয়টি আলোচনা সাপেক্ষে পরবর্তীতে জানানো হবে।
- ভবিষ্যৎ সাংগঠনিক কাঠামো পরিবর্তনের সাথে সামাঞ্জস্য রাখার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সাংগঠনিক কাঠামো পাশ হওয়ার পর কার্যক্রম শুরু করা হবে।

এছাড়াও তিনি, উপস্থিত সকল অংশীজনদের নিজ নিজ অবস্থান থেকে তাদের উপর আরোপিত দায়িত্ব যথাযথ পালন করা এবং শুদ্ধাচার চর্চা করার আহবান জানান।

**<u>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, ঢাকাঃ</u>**

রেট সিডিউল হালনাগাদের বিষয়ে তিনি জানান ২০১৮,২০১৯ সালে রেট সিডিউল হালনাগাদ করা হয়। কিন্তু সকল অধিদপ্তরের জন্য একটি একক রেট সিডিউল প্রণয়নের নিমিত্ত অর্থ মন্ত্রণালয় একটি সার্কুলার প্রকাশ করে। সুতরাং সড়ক ও জনপথ আধিদপ্তরের জন্য আলাদা রেট সিডিউল প্রণয়ন সম্ভব হচ্ছে না বলে তিনি জানান। তিনি ঠিকাদারদের ১০% লেসে কাজ করার ক্ষেত্রে যদি কাজের গুণগত মান রক্ষা করা সম্ভব না হয় তবে সেই কাজ না করার আহবান করেন। Defect Liability Period (DLP) তিন বছর থেকে কমিয়ে এক বছর করার বিষয়ে তিনি জানান, এটা PPR বহির্ভূত এবং এই বিষয়ে আলোচনা করা হচ্ছে। তিনি জানান কর্মচারীদের যাতায়াত সুবিধার জন্য BRTC হতে ৪ (চার) টি বাস ভাড়ায় নেয়ার বিষয়টি বিবেচনাধীন রেখেছে। তিনি জানান, PPR এর বিধিমালা অনুযায়ী যদি সম্ভব হয়, ইজিপি-তে টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির সদস্য সংখ্যা ৩(তিন) থেকে ৫(পাঁচ) করা প্রস্তাব CPTU-তে প্রেরণ করা যেতে পারে। তিনি প্রতিটি উপ-বিভাগে একটি রক্ষণাবেক্ষণ যান ক্রয়ের বিষয়টি উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান এবং বিষয়টি বিবেচনাধীন আছে বলে উল্লেখ করেণ। তিনি ভবিষ্যৎ সাংগঠনিক কাঠামো পরিবর্তনের সাথে সামাঞ্জস্য রাখার নিমিত্ত এখন থেকে একটি নির্দিষ্ট পরিমাণ জনবল নিয়োগের ব্যাপারে ইতোমধ্যে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ মহোদয়ের সাথে আলোচনা হয়েছে বলে উল্লেখ করেণ এবং সেই প্রেক্ষিতে মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পাঠানো যেতে পারে মর্মে জানান। তিনি ল্যাপটপ সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি To & E ভুক্ত নষ্ট গাড়ী সমূহ নিলামের মাধ্যমে বিক্রি করে নতুন পরিদর্শনযান ক্রয় করার বিষয়ে যান্ত্রিক জোনের দৃষ্টি আকর্ষণ করেন। টোল প্লাজাসমূহে অনিয়মের বিষয়ে তিনি বলেন, আগামী এক বছরের মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরে ITS (Intelligent Transport System) চালু হবে এবং সারা বাংলাদেশকে Unified Toll Collection System এর মধ্যে নিয়ে আসা হবে ফলে, টোল প্লাজার দুর্নীতি সমূহ বন্ধ সম্ভব হবে।

**<u>প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরঃ</u>**

তিনি অংশীজন সভার গৃহীত সিদ্ধান্তের সংখ্যা ১০(দশ) বা ততোধিক বৃদ্ধি করার নিদের্শনা প্রদান করেন। তিনি টোল প্লাজার অনিয়মের বিষয়ে জানান, সার্বক্ষনিক ভাবে টোল প্লাজা সমূহে মনিটরিং করা হচ্ছে এবং ভবিষ্যতে এই বিষয়ে আরো সতর্কতা অবলম্বন করা হবে। তিনি জানান, মেঘনা, দাউদকান্দি, ভৈরব, রূপসা ব্রীজের টোল প্লাজা ইতোমধ্যে আধুনিকায়ন করা হয়েছে এবং পর্যায়ক্রমে অন্যন্য টোল প্লাজা সমূহ আধুনিকায়ন করা হবে। তিনি জানান, দ্রুত ল্যাপটপ সমস্যার সমাধানের নিমিত্ত প্রতিটি জোনে ল্যাপটপ ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি আরো বলেন সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণদের ফাউন্ডেশন ট্রেনিং এ পাঠানোর কার্যক্রম চলমান রয়েছে। তিনি সড়ক ভবনে সুপেয় পানির ব্যবস্থা করা হবে বলে জানান। তিনি জানান, কর্মচারীদের পুনর্বাসন ব্যাতীত উচ্ছেদ করা হবে না। তিনি ওয়ার্কসপ মেরামতের কাজ দ্রুত শুরু করার নির্দেশ প্রদান করেন। তিনি আরো বলেন, যেহেতু একটি একক রেট সিডিউল তৈরী করার জন্য অর্থ মন্ত্রণালয়ে কার্যক্রম চলমান রয়েছে সেহেতু রেট সিডিউল বর্তমানে হালনাগাদকরণ করা সম্ভব নয়। তিনি প্রস্তাবিত নতুন জনবল কাঠামো অনুযায়ী আগাম লোকবল নিয়োগের এবং সরকারি SIM এ মাসিক ভিত্তিতে মোবাইল ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করার উপর গুরুত্বারোপ করেন। সভাপতি মহোদয় আবাসন সমস্যার বিষয়ে বলেন, বাসা নির্মাণের জন্য সকল জোন হতে প্রস্তাব চাওয়া হলেও এখনও পর্যন্ত কোনো জোনের কার্যক্রম লক্ষ্য করা যায়নি। পরিশেষে, প্রধান প্রকৌশলী মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল এর সবচেয়ে বড় অর্জন হিসেবে অংশীজন সভার মাধ্যমে নিজেদের কার্যক্রম পর্যালোচনা করার বিষয়টি উল্লেখ করেন এবং অংশীজন সভায় সকলকে উপস্থিত থাকার জন্য ও তাদের মূল্যবান মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানিয়ে অংশীজন সভার সমাপ্তি ঘোষনা করেন।

উক্ত আলোচনা সভার প্রেক্ষিতে সভার সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃনং | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | যথাসময়ে পদোন্নতি নিশ্চিত করণের জন্য Supernumerary/In-situ পদে পদোন্নতি প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন ও সংস্থাপন। |
| ২। | Mechanical 1st Line এ বরাদ্দ বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |
| ৩। | সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের ঝুঁকি ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |
| ৪। | সড়ক ও জনপথ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর রেট সিডিউল তৈরীর কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক জোন। |
| ৫। | চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য সওজ এর Logo সম্বলিত অফিসিয়াল পোষাক প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন/ময়মনসিংহ জোন/ কুমিল্লা জোন/ সিলেট জোন/ চট্টগ্রাম জোন / রাজশাহী জোন / রংপুর জোন / খুলনা জোন / বরিশাল জোন / গোপালগঞ্জ জোন। |
| ৬। | সড়কের রক্ষনাবেক্ষন কার্যক্রম টেকসই করার নিমিত্ত মাঠপর্যায়ে পর্যাপ্ত ও মানসম্মত পরিদর্শন যানের সংস্থান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক জোন। |
| ৭। | মাঠ পর্যায়ে প্রতিটি সড়ক বিভাগের মাধ্যমে শ্রমিকদের মধ্যে বৃষ্টির মৌসুমে রেইনকোট, বুট সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন/ময়মনসিংহ জোন/ কুমিল্লা জোন/ সিলেট জোন/ চট্টগ্রাম জোন / রাজশাহী জোন / রংপুর জোন / খুলনা জোন / বরিশাল জোন / গোপালগঞ্জ জোন। |
| ৮। | "নো ওয়ার্ক নো পে" ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের ডাটাবেস প্রস্তুতকরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |
| ৯। | কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা। |
| ১০। | ২০১৭ ও ২০১৮ সালে যোগদানকৃত ১৬০ (একশত ষাট) জন উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর মধ্যে বাকি ৩০ (ত্রিশ) জন এবং ২০২০ সালে যোগদানকৃত ৩১ (একত্রিশ) জন উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) গনকে বিভাগীয় কারিগরী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |
| ১১। | ভবিষ্যৎ সাংগঠনিক কাঠামো পরিবর্তনের সাথে সামাঞ্জস্য রাখার নিমিত্ত এখন থেকে প্রস্তাবিত কাঠামোর অন্তত ৩০% জনবল পিএসসি এর মাধ্যমে নেওয়ার প্রকৃয়া শুরুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন ও সংস্থাপন। |
| ১২। | Weigh Scale স্থাপন এবং টোল প্লাজাসমূহে দূর্নীতি প্রতিরোধে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং। |

১/১০/২০২১

(মোঃ আবদুস সবুর)
প্রধান প্রকৌশলী
ও
সভাপতি, অংশীজন সভা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষনাবেক্ষণ উইং/ ব্রীজ ম্যানেজমেন্ট উইং/ টেকনিক্যাল সার্ভিসেস উইং / যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/ কুমিল্লা জোন, কুমিল্লা/ সিলেট জোন, সিলেট/ চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/ রাজশাহী জোন, রাজশাহী/ রংপুর জোন, রংপুর/ খুলনা জোন, খুলনা/ বরিশাল জোন, বরিশাল/ গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।

৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৬। পরিচালক (তঃপ্রঃ, সওজ), সওজ প্রশিক্ষণ কেন্দ্র, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্যবিবরনীটি RHD Website এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৯। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১০। সভাপতি, নিরাপদ সড়ক চাই, ৭০, কাকরাইল, ঢাকা-১০০০।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক কর্মচারী ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ কর্মচারী ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ওয়ার্কসপ এমপ্লয়ীজ ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৬। সভাপতি, বাংলাদেশ ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতি, মসজিদ মার্কেট কমপ্লেক্স, ৪র্থ তলা, তেজগাঁও, ঢাকা।

(মোঃ রেজাউল করিম)
পরিচিতি নং-০০০৪৫২
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।